

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪৭৫

৪৫/ দু'আসমূহ (ﷺ ১ হাণ্টা এড়া عن رسول الله

পরিচ্ছেদঃ ৬৪. নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত বিভিন্ন দু'আর সমষ্টি

باب جَامِعِ الدَّعَوَاتِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّد بْنِ عِمْرَانَ التَّعْلَبِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا زَيْدُ بْنُ حُبَابٍ، عَنْ مَالِكِ بْنِ مِغْوَلٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ الأَسْلَمِيِّ، عَنْ أَبِيهِ، قَالَ سَمِعَ النَّبِيُّ صلى الله عليه وسلم رَجُلاً يَدْعُو وَهُوَ يَقُولُ اللَّهُمُّ إِنِي أَسْأَلُكَ بِأَنِي أَشْهَدُ أَنَّكَ أَنْتَ اللَّهُ لاَ إِلهَ إِلاَّ أَنْتَ الأَحَدُ رَجُلاً يَدْعُو وَهُوَ يَقُولُ اللَّهُمُّ إِنِي أَسْأَلُكَ بِأَنِي أَشْهَدُ أَنَّكَ أَنْتَ اللَّهُ لاَ إِلهَ إِلاَّ أَنْتَ الأَحَدُ الصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوا أَحَدٌ . قَالَ فَقَالَ " وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ سَأَلُ اللَّهَ بِاسْمِهِ الأَعْظَمِ الَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْظَى " . قَالَ زَيْدٌ فَذَكَرْتُهُ لِللَّهُ بِاسْمِهِ الأَعْظَمِ الَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْظَى " . قَالَ زَيْدٌ فَذَكَرْتُهُ لِللَّهُ بِاسْمِهِ الأَعْظَمِ اللَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْظَى " . قَالَ زَيْدٌ فَذَكَرْتُهُ لِللهُ بِاسْمِهِ الأَعْظَمِ النَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْظَى " . قَالَ زَيْدٌ فَذَكَرْتُهُ لِلللهُ بَنِ مِغُولٍ . قَالَ زَيْدٌ عَنْ مَالِكِ بْنِ مِغُولٍ . قَالَ زَيْدٌ وَيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَرَوَى شَرِيكٌ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ أَبِي اللهِ مُنَا لِكِ بْنِ مِغُولٍ وَإِنَّمَا دَلَّسَهُ . وَرَوَى شَرِيكٌ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي اللهُمْدَانِيُّ عَنْ مَالِكِ بْنِ مِغُولٍ وَإِنَّمَا دَلَّسَهُ . وَرَوَى شَرِيكٌ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي اللهُمْدَانِيُّ عَنْ مَالِكِ بْنِ مِغُولٍ وَإِنَّمَا دَلَّسَهُ . وَرَوَى شَرِيكٌ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي

বাংলা

৩৪৭৫। আবদুল্লাহ ইবনু বুরাইদাহ আল-আসলামী (রহঃ) হতে তার বাবার সুত্রে বর্ণিত আছে, তিনি বলে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক লোককে তার দুআ এভাবে বলতে শুনেনঃ "হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করছি আর সাক্ষ্য দিচ্ছি যে, তুমিই একমাত্র আল্লাহ, তুমি ছাড়া অন্য কোন মা'বূদ নেই, তুমি একক সত্তা, স্বয়ংসম্পূর্ণ, যিনি কাউকে জন্ম দেননি এবং তাকেও জন্ম দেয়া হয়নি, তার সমকক্ষ কেউ নেই।"

বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন বললেনঃ সেই মহান সন্তার কসম যার হাতে আমার জীবন! নিঃসন্দেহে এই লোক আল্লাহ তা'আলার মহান নামের ওয়াসীলায় তার নিকটে প্রার্থনা করেছে, যে নামের ওয়াসীলায় দুআ করা হলে তিনি কবুল করেন এবং যে নামের ওয়াসীলায় প্রার্থনা করলে তিনি দান করেন।



সহীহঃ ইবনু মাজাহ (হাঃ ৩৮৫৭)।

যাইদ ইবনু হ্বাব (রাহঃ) বলেন, উক্ত হাদীস কয়েক বছর পর আমি যুহাইর ইবনু মু'আবিয়াহর কাছে উল্লেখ করলাম। সে সময় তিনি বললেন, আমার কাছে আবূ ইসহাক মালিক ইবনু মিগওয়ালের সূত্রে তা রিওয়ায়াত করেছেন। যাইদ (রাহঃ) বলেন, তারপর এ হাদীস আমি সুফইয়ানের কাছে উল্লেখ করলে তিনিও আমাকে মালিক ইবনু মিগওয়ালের সনদে তা বর্ণনা করেন।

আবৃ ঈসা বলেন, এ হাদীসটি হাসান গারীব। শারীক (রাহঃ) আবৃ ইসহাক হতে, তিনি ইবনু বুরাইদাহ হতে, তিনি তার পিতার সনদে এ হাদীস রিওয়ায়াত করেছেন। আর এ হাদীস আবৃ ইসহাক আল-হামদানী মালিক ইবনু মিগওয়ালের সনদে বর্ণনা করেছেন। এতে তিনি তার শাইখের নাম গোপন করেছেন। শারীক এ হাদীসটি আবৃ ইসহাক হতে বর্ণনা করেছেন।

English

'Abdullah bin Buraidah Al Aslami narrated from his father, who said: "The Prophet () heard a man supplicating, and he was saying: 'O Allah, indeed, I ask you by my testifying that You are Allah, there is none worthy of worship except You, the One, As-Samad, the one who does not beget, nor was begotten, and there is none who is like Him (Allāhumma innī as'aluka bi annī ashhadu annaka antallāh, lā ilāha illā ant, al-aḥaduṣ-ṣamad, alladhī lam yalid wa lam yūlad, wa lam yakun lahu kufuwan aḥad)." He said: "So he said: 'By the One in Whose Hand is my soul, he has asked Allah by His Greatest Name, the one which if He is called upon by it, He responds, and when He is asked by it, He gives.'"(One of the narrators) Zaid said: "So I mentioned it to Zuhair bin Mu`awiyah years after that, and he said: Abu Ishaq reported to me from Malik bin Mighwal.'" Zaid said: "Then I mentioned it to Sufyan, so he reported it to me from Malik."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদল্লাহ ইবন বরায়দা (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন